P10737 8226(7)    I 1197

RUPEES 25000 रुपये

भारतीय गैर न्यायिक

INDIA NON JUDICIAL

RUPEES 25000 रुपये

पच्चीस हज़ार रुपये

03DD 019816

থানা - সোনারপুর, মৌজা এলাচি ।

জমি - কমবেশী - ৫ পাঁচ কাঠা ১৪ চৌদ্দ ছটাক।

মূল্য - ৩৫৩০০০.০০ তিন লক্ষ তিপান্ন হাজার টাকা ।

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা ॥

Additional District Sub-Registrar
Sonarpur, South 24 Pgs.

কোবালা গ্রহীতা :------

শ্রী নির্মল কুমার সরকার, পিতা শ্রী জীবণ চন্দ্র সরকার ।

জাতি হিন্দু, পেশা ব্যবসা ।সাং আনন্দশ্রী, সেকেন্ড লেন -

গড়িয়া, কোলকাতা - ৭০০০৮৪ ॥

Rajpur 2.3.2004 0110/762571 18760/ 1450

2585.00 79/1143 4.3.04

Additional District Sub-Registrar
Sonarpur, South 24 Pgs.
4.3.04

4.3.04

1000 Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

(২)

Subodh Kr. Mondal

কোবালা দাতা :—

শ্রী সুবোধ কুমার মণ্ডল, পিতা মৃত সত্য নারায়ণ মণ্ডল ।

জাতি হিন্দু, পেশা ব্যবসা । সাং- ৪৬।১, গাঙ্গুলী বাগান -

ইষ্ট রোড, থানা যাদবপুর, কোলকাতা - ৭০০০৮৪ ।

..............................................................

কস্য আমার খরিদা নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ৫ কাঠা ১৪ ছটাক- পরিমিত বাগান জমি জমা যায় যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পূর্ণ -- নির্দায় নির্দোষ ও পরিস্কার অবস্থায় বিক্রয়ের নিঃস্বত্ব সাফ কোবালা পত্রমিদং -- কার্য্যাঞ্চাগে :.........

1000 Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES



Subodh Kr. Mondal

জেলা- দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন- পরগনা মাগুরা, মৌজা এলাচি গ্রামে অবস্থিত জে.এল.নং ৭০, রে, সা, নং- -২২৩ ,- তৌজি ৩, ৪, ৫নং ভুক্ত- রাজপুর সোনারপুর পৌরসভার অন্তর্গত নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত হাল ২১ নং খতিয়ানের অন্তর্গত ৫৯ নং দাগে ১৩ শতক বাগান জমির মধ্যে - - আমার খরিদা যাহা অত্র সহ নকসায় লাল রঙের সীমারেখা দ্বারা পরিবেষ্টিত মাপসুরত- - কমবেশী - ৫ কাঠা ১৪ ছটাক পরিমিত জমি জমা অত্র কোবালার দ্বারা বিক্রীত সম্পত্তি - হইতেছে ।

উক্ত- বিক্রীত জমি সহ আরো অন্যান্য জমি জমা শ্রী সন্ন্যাসী নস্কর, শ্রী - - নিশিকান্ত নস্কর, শ্রী রতিকান্ত নস্কর, শ্রী শ্রীকান্ত নস্কর, পিতা মৃত বিহারী লাল নস্কর - শ্রী পালান নস্কর, শ্রী ঝাড়ু নস্কর, পিতা বিপিন নস্কর মহাশয়গন পিতার ওয়ারিশান - - সূত্রে প্রাপ্ত হইয়া বিগত রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে নিজ নিজ নামে শুদ্ধভাবে রেকর্ডভুক্ত- করাইয়া একযোগে ভোগ দখলীকার থাকাবস্থায় নকসা চিহ্নিতরূপে ৫ কাঠা ১৪ ছটাক জমি জমা বিক্রয় করিতে চাহিলে আমি অত্র কোবালার বিক্রেতা বিগত ইংরাজী ১০।০৬।১৯৯৬ সাল তারিখে সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বহি নং ১, ভল্যুম নং ১০১ ,

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES



Subodh Kr. Mondal

পাতা ১৩৫ হইতে ১৪৬ নং পাতায় লিপিবদ্ধ ৫১২১ নং একেতা খরিদা দলিল দ্বারা খরিদ করিয়া মালিক সরকারে ধার্য্য খাজনাদি ও ট্যাক্সাদি আদায়ে অন্যের বিনা সংশ্রবে নির্ব্বিবাদে খাসে ভোগ দখলীকার আছি। উহাতে আমার বিক্রয়যোগ্য উত্তম স্বত্ব আছে।

বর্ত্তমানে আমার অন্যত্র সম্পত্তি খরিদ করিবার জন্য ও অন্যান্য নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের আবশ্যক হওয়ায় উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ৫ কাঠা ১৪ ছটাক জমি জমা বর্তমান বাজারোচিত সর্বোচ্চ্য মূল্য মোট ৩৫৩০০০.০০ তিন লক্ষ তিপান্ন হাজার টাকায় বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালার ক্রেতা আমার প্রস্তাবিত মূল্যে উক্ত সম্পত্তি খরিদ করিতে চাহিলে আমি অদ্য আপনার নিকট হইতে মূল্যের সাকুল্য ৩৫৩০০০.০০ তিন লক্ষ তিপান্ন হাজার টাকা নিম্ন জায় মত গ্রহন করিয়া উক্ত জমি জমা আপনাকে চিরতরে বিক্রয় করিলাম ও বিক্রীত সম্পত্তিতে আপনাকে খাষ দখল দিয়া স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, আপনি






Subodh Kr. Mondal

অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েমদখলীকার হইয়া মালিক সরকারে আপনার নামের স্থলে আপনার নিজ নাম পত্তনে নিরূপীত খাজনাদি ও ট্যাক্সাদি যথারীতি আদায়ে দান, বিক্রয়, বন্ধক ও সর্বপ্রকারের হস্তান্তর ও রূপান্তর করনের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে কস্মিনকালেও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না। করিলে ও তাহা সর্বত্র ও সর্বাদালতে অগ্রাহ্য, বাতিল ও নামঞ্জুর হইবে।

নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব, স্বামিত্ব দখল, অধিকার, লভ্য হক্ হককাদি স্বার্থ ও সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে আমার চিরতরে রদ ও রহিত হইয়া আপনাতে সম্পূর্ণরূপে বর্ত্তাইল ও অর্পিল। আপনি অদ্য হইতে উহাতে একমাত্র মালিক ও স্বত্বাধিকারী হইলেন ।

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

(৬)

Subodh Kr. Mondal

আরও প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি ইতিপূর্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে আমার অপর কোন সরীক বা অংশীদার নাই বা গভর্ণমেন্ট কর্তৃক ল্যাণ্ড এ্যকুইজিশান, রিকুইজিশান, নিলাম বা ভেষ্ট হয় নাই বা ঐরূপ হইবার জন্য অদ্যাবধি কোন নোটিশ পাই নাই বা উহাতে অপর কাহারও কোনরূপ ক্লেম বা চার্জ নাই বা অপর কাহাকেও বিক্রয় করিবার জন্য লিখিত বা মৌখিক চুক্তি করি নাই বা কোন প্রজা বিলি, বর্গাবিলি বা লীজবিলি করি নাই বা উহাতে কোন মামলামোকদ্দমা জড়িত নাই বা কোন দেনার দায়ে বা অন্য কোনভাবে দায়যুক্ত করি নাই। সম্পূর্ণ নির্দায় নির্দোষ ও পরিস্কার অবস্থায় আপনাকে বিক্রয় করিয়া ও দখল দিয়া আমি চিরতরে নিঃস্বত্ব ও বেদখলীকার হইলাম ।

50 Rs.






Subodh Kr. Mondal

আরও প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে আমার কৃত কোন দায় থাকা বা বিক্রয়যোগ্য স্বত্ব না থাকা প্রকাশ পাইয়া আমার দ্বারা কোন আপনার খরিদা স্বত্বদখলের কোন-রূপ ক্ষতি হইলে তৎজন্য আমি সম্পূর্ণ দায়ী থাকিলাম ও আপনার যাবতীয় ক্ষতি পূরন দিতে আমি ওয়ারিশান গনক্রমে সর্বদা বাধ্য থাকিলাম ও থাকিবেক ।

উল্লেখ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র দলিলের কোন অংশে কোন-প্রকার ভুল ত্রুটি থাকা প্রকাশ পাইয়া আমার দ্বারা কোন সংশোধনী বা পরিপূরক দলিল সম্পাদনের আবশ্যক হইলে তাহা ও আমি আপনার খরচায় বিনা পনে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে আমি ওয়ারিশান গনক্রমে সর্বদা বাধ্য থাকিলাম ও থাকিবেক।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বজ্ঞানে অত্র-দলিল পাঠ করিয়া ও পাঠ শুনিয়া দলিলের লিখিত সম্যক বিষয় অবগত হইয়া উপরি লিখিত সকল সর্ত্তে আমি ওয়ারিশান গনক্রমে বাধ্য থাকিয়া মূল্যের সাকুল্য টাকা নিম্ন জায়মতনগদ গ্রহন করতঃ অত্র কোবালা আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা ১৪১০ সনের-২৯শে অগ্রহায়ণ ।
ইংরাজী ২০০৩ সালের ১৬ই ডিসেম্বর ।

Subodh Kr. Mondal

তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় ।।

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন- পরগনা মাগুরা, মৌজা এনাচি গ্রামের মধ্যে অবস্থিত রাজপুর সোনারপুর পৌরসভার অন্তর্গত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ... ২৪ পরগনা কালেকটার বাহাদুর অধীনে জে.এল.নং ৭০ , রে, সা, নং ২২৩ , তৌজিনং ৩, ৪, ৫ নং ভুক্ত । আর, এস - ২১ (একুশ) নং খতিয়ানভুক্ত বার্ষিক ২.২২ টাকা জমার- মধ্যে বিক্রীত ৫ কাঠা ১৪ ছটাক জমির বার্ষিক হারাহারি খাজনা ৮০ পয়সা জমা । ৫৯ (উনষাট) নম্বর দাগে বাগান ১৩ শতক মধ্যে আমার খরিদা যাহা অত্র সহ নকসায় লাল রঙের সীমারেখা দ্বারা পরিবেষ্টিত মাপসুরত কমবেশী ৫ (পাঁচ) কাঠা ১৪ (চৌদ্দ) ছটাক পরিমিত জমি মায় উক্ত জমি সংলগ্ন রাস্তার উপর দিয়া চলাচলের ও সর্বপ্রকার- রাইট অফ ইজমেন্ট স্বত্বাদি মায় যাবতীয় আকর আওলাতাদি সমেত সম্পত্তি অত্র কোবালার- দ্বারা বিক্রীত সম্পত্তি হইতেছে ।মূল্য- ৩৫৩০০০.০০ টাকা। অত্র সহ নকসা অত্র দলিলের- একাংশ বলিয়া সর্বত্র গন্য হইবে ।

বিক্রীত জমির চারচৌহদ্দিদ :- - -


উত্তর :- - আর, এস- ৬০ নং দাগের জমি।

দক্ষিণ :- আর, এস ৫৯ নং দাগের জমি ।

পূর্ব্ব :- আর, এস- ৫৭ নং দাগের জমি।

পশ্চিমে :- ২৩' - ৬'' প্রশস্থ রাস্তা ।

SITE PLAN OF R.S. DAG NO.-59. (PART)
AT MOUZA-ELACHI, J.L. NO.-70. KH T. NO
21. P.S.-SONARPUR, DIST.-24 PGS.(S.)
AREA OF LAND COLOUR IN RED BORDER
SCALE :-1" = 20'-0"




Subodh Kr. Mondal

Traced by:-
Chakraborty
Surveyor
28.12.2003

দাখিলকারক ও দাতা ঃ



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

দাতা / গ্রহীতা নাম শ্রী সুবোধ কুমার মন্ডল স্বাক্ষর Subodh Kr. Mondal



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

দাতা / গ্রহীতা নাম শ্রী নির্মল [illegible] সরকার স্বাক্ষর Nirmal Sark

ফটো

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

দাতা / গ্রহীতা নাম........................................স্বাক্ষর........................

ফটো

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

দাতা / গ্রহীতা নাম........................................স্বাক্ষর........................

পনের টাকার জমা ।।

অদ্য তারিখে নোটে ও নগদে ৩৫৩০০০.০০ তিন লক্ষ তিপান্ন হাজার টাকা ।

বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকার করিলাম ।।

Subodh Kr. Mondal

Subodh Kr. Mondal

মুসাবিদাকারক :....

লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক।

আবদুল রসিদ হালদার।

লাইসেন্স নং ৩১।১৫,

সোনারপুর এ্যাডি সাবরেজিষ্ট্রী অফিস ।

ইসাদি :....

Jiban Dey.
2/110, Sree Colony
Kol - 92.

Bhut nath Das
Elachi
PS - Sonarpur

টাইপকারক :...

সোনারপুর এ্যাডি সাবরেজিষ্ট্রী অফিস ।।